গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার
জননিরাপত্তা বিভাগ
স্বরাষ্ট্র মন্ত্রণালয়
বাজেট শাখা-১

নং- ৪৪.০০.০০০০.০২৪.০৫.০১৯.২০১৮-

তারিখ ঃ ০৮ মে, ২০১৯ খ্রিঃ।
২৪ বৈশাখ ১৪২৬ বঃ

| | | |
|---|---|---|
| বিষয় | ঃ | ০৮/০৫/২০১৯ তারিখে অনুষ্ঠিত বাজেট ব্যবস্থাপনা কমিটির সভার কার্যবিবরণী। |
| সভাপতি | ঃ | মোস্তাফা কামাল উদ্দীন, সচিব, জননিরাপত্তা বিভাগ,স্বরাষ্ট্র মন্ত্রণালয়। |
| স্থান | ঃ | স্বরাষ্ট্র মন্ত্রণালয়ের সম্মেলন কক্ষ। |
| সভার তারিখ ও সময় | ঃ | ০৮/০৫/২০১৯, সকাল ১১.০০ ঘটিকা। |
| উপস্থিত সদস্যবৃন্দ | ঃ | পরিশিষ্ট 'ক' দ্রষ্টব্য। |

বাজেট ব্যবস্থাপনা কমিটির সভাপতি সচিব, জননিরাপত্তা বিভাগ,স্বরাষ্ট্র মন্ত্রণালয় এর সভাপতিত্বে ০৮/০৫/২০১৯তারিখ সকাল ১১.০০ ঘটিকায় স্বরাষ্ট্র মন্ত্রণালয়ের সম্মেলন কক্ষে এক সভা অনুষ্ঠিত হয়। সভাপতির অনুমতিক্রমে অতিরিক্ত সচিব (প্রশাসন ও অর্থ) সভা পরিচালনা করেন। অতঃপর সভাপতির সম্মতিক্রমে উপসচিব (বাজেট-১) আলোচনাসমূহ পর্যায়ক্রমে উপস্থাপন করেন।

০২। আলোচ্য সূচি-১ অনুযায়ী জননিরাপত্তা বিভাগ,স্বরাষ্ট্র মন্ত্রণালয় ও এর আওতাধীন বিভিন্ন দপ্তর/অধিদপ্তরসমূহের আগামী ২০১৯-২০২০ অর্থবছরের বাজেট প্রাক্কলন এবং ২০২০-২০২১ ও ২০২১-২০২২ অর্থবছরের বাজেট প্রক্ষেপন অর্থ বিভাগ কর্তৃক প্রদত্ত সিলিং মোতাবেক এর বিভাজন ও অতিরিক্ত চাহিদার যৌক্তিকতা বিস্তারিতভাবে সভায় উপস্থাপন করা হয়।

০৩। ২০১৯-২০২০ অর্থবছরের বাজেট প্রাক্কলন এবং ২০২০-২০২১ ও ২০২১-২০২২ অর্থবছরের বাজেট প্রক্ষেপন বিষয়ে জননিরাপত্তা বিভাগ,স্বরাষ্ট্র মন্ত্রণালয় ও এর আওতাধীন বিভিন্ন দপ্তর/অধিদপ্তরের বাজেট বিভাজন ও বাস্তবায়ন তথ্যাদি ছক ক,খ ও গ মোতাবেক উপস্থাপন করা হয়ঃ

০৪। সভার প্রতিনিধিগণ জানান যে, বাংলাদেশ পুলিশ এর রংপুর ও গাজীপুর মেট্রোপলিটন পুলিশ, এন্টি টেররিজম ইউনিট গঠন,বিভিন্ন জেলায় নতুন সার্কেল অফিস স্থাপন,এপিসিসহ আধুনিক সরঞ্জাম ক্রয়, জনবল বৃদ্ধি, বর্ডারগার্ড বাংলাদেশ এর ২য় পর্যায়ের পুণ:গঠন, এয়ার উইং এর অনুমোদিত দুইটি হেলিকপ্টার ক্রয় এবং জনবল নিয়োগ, আনসার ও গ্রাম প্রতিরক্ষা বাহিনীর অস্ত্র ও গোলা বারুদ ক্রয়, বাংলাদেশ কোস্ট গার্ড এর ভূমি অধিগ্রহণ, চারটি হোভার ক্রাফট, ৮টি ড্রোন ক্রয়, এনটিএমসির যন্ত্রপাতি ও অন্যান্য সরঞ্জাম ক্রয় এবং আইন-শৃংখলা বাহিনী সার্বক্ষনিক মাঠ পর্যায়ে দায়িত্ব পালনের কারনে জ্বালানী ও অন্যান্য খাতে ব্যয়ের পরিমান আবশ্যিকভাবে বৃদ্ধি পেয়েছে বিধায় চাহিদার তুলনায় বরাদ্দ অপ্রতুল। বরাদ্দ আরো বৃদ্ধি করা প্রয়োজন। কারণ আগামী বছর থেকে নতুন জনবল নিয়োগসহ নতুন নতুন ইউনিট গঠন করা হবে।

০৫। অতিরিক্ত চাহিদার বিষয়ে সভাপতি সম্পদের সীমাবদ্ধতার বিষয়টি সকলকে স্মরণ করিয়ে দেন। তিনি বলেন অর্থ বিভাগ কর্তৃক নির্ধারিত বাজেট সিলিং এর বেশী অর্থ বরাদ্দের বিষয়টি জননিরপত্তা বিভাগ সর্বোচ্চ গুরুত্ব বিবেচনা করে কার্যক্রম গ্রহণ করেছে। অর্থ বিভাগসহ সংশ্লিষ্ট বিভাগের সহিত আলোচনা পূর্বক যৌক্তিকভাবে বিভাজন করা হয়েছে। তবে দেশের আইন-শৃংখলা সুচারুরূপে পরিচালনা, জনগণের জানমালের নিরাপত্তা বিধান, সীমান্তে নিরাপত্তা ও চোরাচালান বন্ধ, নারী ও শিশু পাচার রোধ,পুলিশের নতুন ইউনিট গঠন এবং আগামী নির্বাচনে দায়িত্ব পালনের জন্য প্রয়োজনীয় পরিকল্পনা করে তার ক্রয় কার্য যৌক্তিক সময়ের পূর্বেই শেষ করতে হবে। ভবিষ্যৎ বাজেট সিলিং বর্ধিত করণের বিষয়ে অর্থ বিভাগের সাথে একটি কার্যকর আলোচনা করবেন বলে তিনি সকলকে অবহিত করেন। আর্থিক পরিস্থিতি বিবেচনায় সংশোধিত সিলিং এর মধ্যে আগামী ২০১৯-২০২০ অর্থবছরের পরিচালন বাজেট প্রণয়নের জন্য উপস্থিত সকলকে অনুরোধ জানান। তাছাড়া অর্থ বিভাগ কর্তৃক ২০১৯-২০২০ অর্থবছরের রাজস্ব প্রাপ্তির লক্ষ্যমাত্রা অর্জনে সকলকে মনোযোগী হওয়ার পরামর্শ প্রদান করেন এবং স্ব-স্ব অধিক্ষেত্রের রাজস্ব আয় বৃদ্ধির ক্ষেত্র চিহ্নিত করে সরকারের নির্বাহী আদেশের মাধ্যমে রাজস্ব বৃদ্ধির পরিকল্পনা গ্রহন করার জন্য অনুরোধ জানান। তাছাড়া সরকার ঘোষিত ভিশন ২০২১ ও ২০৪১,SDG, MBF,APA, NIS প্রভৃতি বিষয় একসাথে বিবেচনায় নিয়ে সরকার ঘোষিত সেবা জনগণের কাছে পৌছানো নিশ্চত করতে হবে। যাতে জননিরাপত্তা বিভাগের ভাবমূর্তি আরো উজ্জল হয়।

০৬। সভায় বাংলাদেশ কোস্ট গার্ডের প্রতিনিধি জনাব এ এম কুদরত উল্লাহ, পরিচালক বলেন যে, বাংলাদেশ কোস্ট গার্ডের আগামী ২০১৯-২০২০ অর্থবছরের বাজেট ব্যাপক হারে কমে গেছে। বিশেষ করে জলযান ও ভূমি অধিগ্রহণের জন্য আবশ্যিক পেমেন্টের বরাদ্দ কম হয়ে গেছে। জলযান খাতে ৩১০ কোটি ও ভূমি অধিগ্রহণ খাতে ৮১১ কোটি টাকা অতিরিক্ত বরাদ্দ একান্ত প্রয়োজন(পরিশিষ্ট-খ)।

০৭। আলোচ্যসূচি-৩ অনুযায়ীঃ জননিরাপত্তা বিভাগের MBF বিভিন্ন দিক জনাব মোঃ জাহাঙ্গীর আলম, সিনিয়র সহকারী সচিব, বাজেট-২ সভায় উপস্থাপন করেন। এ বিষয়ে বিভিন্ন দপ্তর/সংস্থার প্রতিনিধিগণের মতামত গ্রহণ করা হয়। আলোচনা মোতাবেক MBF এ কমিউনিটি পুলিশিং শব্দের পরিবর্তে জনসংযোগ কার্যক্রম এবং রোহিঙ্গা শব্দের পরিবর্তে অবৈধ অনুপ্রবেশ শব্দ প্রতিস্থাপন করে MBF সংশোধন করে অর্থ বিভাগে প্রেরণ করার বিষয়ে সকলে মত দেন(পরিশিষ্ট-গ)।

০৮। আলোচ্যসূচি-৩ অনুযায়ীঃ জননিরাপত্তা বিভাগ,স্বরাষ্ট্র মন্ত্রণালয় ও এর আওতাধীন সকল দপ্তর/অধিদপ্তরসমূহের আগামী ২০১৯-২০২০ অর্থবছরের জন্য জননিরাপত্তা বিভাগের বার্ষিক কর্মসম্পাদন চুক্তির খসড়া বিস্তারিতভাবে সভায় উপস্থাপন করা হয় এবং উপস্থাপিত APA এ নিয়ে বিস্তারিত আলোচনা হয়। এ বিষয়ে প্রত্যেকটি দপ্তর/অধিদপ্তর এর প্রধান/প্রতিনিধি এর মতামত গ্রহণ করা হয়। উপস্থাপিত APA আংশিক সংশোধনপূর্বক অনুমোদনের পক্ষে সকলে মত দেন।

চলমান পাতা-২

০৯। আলোচনায় অংশ নিয়ে জনাব মশিউর রহমান, অতিরিক্ত সচিব(উন্নয়ন) জানান যে, মন্ত্রিপরিষদ বিভাগের নির্দেশনা মোতাবেক জননিরাপত্তা বিভাগের MBF ও APA তে বর্তমান সরকারের নির্বাচনী অঙ্গীকার SDG, মাননীয় প্রধানমন্ত্রীর অগ্রধীকার নির্দেশনা ও সরকারের অগ্রধীকারমূলক বিষয়াদি অন্তর্ভূক্ত করে MBF ও APA উপস্থাপন করে তৈরী করতে হবে। উপস্থাপিত APA এর খসড়ায় উপর্যুক্ত বিষয়গুলো যথাসম্ভব অন্তর্ভূক্ত করা হয়েছে এবং প্রয়োজনীয় সংশোধনসহ APA এর খসড়াটি মন্ত্রীপরিষদ বিভাগে প্রেরণের সর্বসম্মত সিদ্ধান্ত গৃহীত হয়(পরিশিষ্ট-ঘ)।

১০। আলোচনায় অংশ নিয়ে জনাব আবু নাছের ভূঁঞা, উপসচিব, জননিরাপত্তা বিভাগ জানান যে, সরকারে জননিরাপত্তা বিষয় কমিটমেন্ট " নিরাপদ জীবন ও শান্তিপূর্ন বাংলাদেশ" কে কার্যকর করার জন্য মন্ত্রিপরিষদ বিভাগ ও এ বিভাগকে Allocation of Bussiness এর উপর নির্ভর করে এ বিভাগের কার্যাবলী নির্ধারিত হয়েছে এবং কার্যাবলীগুলো বিভিন্ন অনুবিভাগে বন্টন করা হয়েছে। এ কার্যাবলীগুলোকে অধিক কার্যকর করা ও জনবান্ধব করতে সরকারের বিভিন্ন মিশন, নির্বাচনী ইশতেহার মাননীয় প্রধানমন্ত্রীর সানুগ্রহ নির্দেশনা ও এ বিভাগের যৌক্তিক কৌশলগত পরিচালনার প্রতিফলন করে প্রথমে MBF তৈরী করতে হবে এবং MBF এর সকল অংশ ঠিক রেখে এর সাথে আরো প্রতিশ্যুত ও কার্যক্রম সম্প্রসারিত করে APA তৈরীকরতে হবে। যাতে দেশের আইন-শৃংখলা বাহিনী আরো জনবান্ধব সেবা প্রদানে সক্ষম হয় এবং এ সক্ষমতা বৃদ্ধির জন্যই APA তে গৃহীত কার্যক্রম সুষ্ঠভাবে বাস্তবায়ন করার জন্য বাজেট বরাদ্দ রাখতে হবে। জনবান্ধব আইন-শৃংখলা বাহিনী তৈরীতে প্রয়োজনীয় বাজেট বরাদ্দের জন্য কৌশলগত পরিকল্পনা গ্রহণ আমাদের বাজেট ব্যবস্থাপনা মূল লক্ষ। বর্ণিত বিষয়গুলো সুবিবেচনা নিয়ে বাজেট ব্যবস্থাপনা করার জন্য সকল দপ্তর/অধিদপ্তর/সংস্থার প্রদিনিধিগণের দৃষ্টি আকর্ষন করা যায়।

১১। সভায় উপস্থিত জননিরাপত্তা বিভাগ,স্বরাষ্ট্র মন্ত্রণালয় ও এর আওতাধীন সকল দপ্তর/অধিদপ্তরের প্রতিনিধিবৃন্দ স্ব-স্ব প্রতিষ্ঠানের বাজেটের অতিরিক্ত চাহিদার যৌক্তিকতার আলোকে অর্থ বিভাগ কর্তৃক অনুমোদিত সংশোধিত সিলিং নিম্নরুপভাবে বন্টন করার প্রস্তাব করা হয় এবং এ বিষয়ে বিস্তারীত আলোচনান্তে তা সর্বসম্মতভাবে গৃহীত হয়ঃ

(ক)রাজস্ব প্রাপ্তির লক্ষ্যমাত্রা/প্রক্ষেপন ঃ (অংকসমূহ হাজার টাকায়)

| ক্রঃন | জননিরাপত্তা বিভাগ/ দপ্তর/অধিদপ্তর | রাজস্ব প্রাপ্তির লক্ষ্যমাত্রা ২০১৮-২০১৯ | রাজস্ব প্রাপ্তির লক্ষ্যমাত্রার প্রাক্কলন ২০১৯-২০২০ | রাজস্ব প্রাপ্তির লক্ষ্যমাত্রার প্রক্ষেপন ২০২০-২০২১ | রাজস্ব প্রাপ্তির লক্ষ্যমাত্রার প্রক্ষেপন ২০২১-২০২২ |
|---|---|---|---|---|---|
| ০১ | জননিরাপত্তা বিভাগ /সচিবালয় | ১১,৭১,০০ | ১৪,২৩,৬৪ | ১৫,৯৪,৭৫ | ১৭,৮৬,০০ |
| ০২ | বাংলাদেশ পুলিশ | ৬১৫,১১,০০ | ৬৮৮,৫০,৮২ | ৭৭১,১২,৯১ | ৮৬৩,৬৬,৫৫ |
| ০৩ | বর্ডার গার্ড বাংলাদেশ | ১৩,৮৮,০০ | ১৫,৫৮,৪১ | ১৭,৪০,৯৩ | ১৯,৪৯,৮৪ |
| ০৪ | আনসার ও ভিডিপি | ৯,৬৫,০০ | ১০,৮০,২৪ | ১২,০৯,৮৬ | ১৩,৫৫,০৪ |
| ০৫ | কোষ্ট গার্ড অধিদপ্তর | ১,৪৬,০০ | ১,৬৩,৮৯ | ১,৮৩,৫৫ | ২,০৫,৫৭ |
| | মোট | ৬৫১,৮১,০০ | ৭৩০,৭৩,০০ | ৮১৮,৪২,০০ | ৯১৬,৬৩,০০ |

(খ) পরিচালন ও উন্নয়ন ব্যয়ের প্রাক্কলনঃ

| ক্রঃ নং | দপ্তর/আধিদপ্তর | ২০১৯-২০২০ অর্থবছরের প্রস্তাবিত পরিচালন ব্যয় বরাদ্দ | ২০১৯-২০২০ অর্থবছরের প্রস্তাবিত উন্নয়ন ব্যয় বরাদ্দ |
|---|---|---|---|
| | | | |
| ১ | জননিরাপত্তা বিভাগ | ১৩৫,০৫,০০ | ৯৮,০০ |
| ২ | উপদেষ্টা বোর্ড | ১১,০০ | -- |
| ৩ | আন্তর্জাতিক অপরাধ ট্রাইব্যুনাল, তদন্ত সংস্থা | ১৩,৬৫,০০ | -- |
| ৪ | এনটিএমসি | ৮১,১৬,০০ | ১০,০০,০০ |
| ৫ | ইন্টারপোল | ৭০,০০ | -- |
| ৬ | বাংলাদেশ পুলিশ | ১৪১০৫,০৯,০০ | ১৭০০,০০,০০ |
| ৭ | বর্ডারগার্ড বাংলাদেশ | ৩৪০২,২৫,০০ | ৫৯,০০,০০ |
| ৮ | কোষ্টগার্ড অধিদপ্তর | ৩৯৪,৪৩,০০ | ৩১২,৪৭,০০ |
| ৯ | আনসার ও ভিডিপি | ১৫৭৩,৬৯,০০ | ১৪,০০,০০ |
| | মোট | ১৯৭০৬,১৩,০০ | ২০৯৬,৪৫,০০ |
| | থোক | | ৭০,০০,০০ |
| | মোট = | ১৯৭০৬,১৩,০০ | ২১৬৬,৪৫,০০ |

চলমান পাতা-৩

(গ) পরিচালন ও উন্নয়ন ব্যয়ের প্রক্ষেপনঃ

| নং | জননিরাপত্তা বিভাগ/দপ্তর/অধিদপ্তর | প্রক্ষেপন ২০২০-২০২১ | প্রক্ষেপন ২০২১-২০২২ | প্রক্ষেপন ২০২০-২০২১ | প্রক্ষেপন ২০২১-২০২২ |
|---|---|---|---|---|---|
| | | পরিচালন | | উন্নয়ন | |
| ০১ | জননিরাপত্তা বিভাগ | ১৫৫,৯৩,৮০ | ১৫৫,৬৩,৬৯ | ৭৮,০০ | ৮০,০০ |
| ০২ | উপদেষ্টা বোর্ড | ১১,৯৮ | ১২,০০ | - | - |
| ০৩ | তদন্ত সংস্থা | ১৭,৮৭,৪০ | ১৯,০৫,০০ | - | - |
| ০৪ | এনটিএমসি | ৮৯,৮৪,৪১ | ৯৫,৩২,৪৬ | ২০,০০,০০ | ২৫,০০,০০ |
| ০৫ | ইন্টারপোল | ৭০,০০ | ৭০,০০ | - | - |
| ০৬ | বাংলাদেশ পুলিশ | ১৫৬৩৪,৩৩,৪৬ | ১৬৫৮৮,০২,৯০ | ৬৩০,০০,০০ | ৬৭০,০০,০০ |
| ০৭ | বর্ডার গার্ড বাংলাদেশ | ৩৭৭১,২৯,০৭ | ৪০০১,৩৩,৯৪ | ২৪০,০০,০০ | ২৬০,০০,০০ |
| ০৮ | কোষ্ট গার্ড অধিদপ্তর | ৪৪৮,৬৩,৪০ | ৪৭৩,৮৭,৮৭ | ২৬০,০০,০০ | ২৮০,০০,০০ |
| ০৯ | আনসার ও ভিডিপি | ১৭৪২,০৭,৪৮ | ১৮৪৮,৩৪,১৪ | ১১৫,০০,০০ | ১৩০,০০,০০ |
| | মোট= | ২১৮৬০,৮১,০০ | ২৩১৮২,৪২,০০ | ১২৬৫,৭৮,০০ | ১৩৬৫,৮০,০০ |
| | থোক | | | ৮০,১৫,০৩, | ৭৪,২০,০০ |
| | মোট পরিচালন | ২১৮৬০,৮১,০০ | ২৩১৮২,৪২,০০ | ১৩৪৫,৯৩,০৩ | ১৪৪০,০০,০০ |

১২। সভায় সভাপতি রাজস্ব ও উন্নয়ন বরাদ্দের আওতায় প্রকল্প বাস্তবায়নে গুরুত্বপূর্ন বিষয়সমূহকে প্রাধান্য দিতে এবং দপ্তর/অধিদপ্তরের সম্পদ ব্যবহারের ক্ষেত্রে সভাপতি সম্পদের সীমাবদ্ধতার বিষয়টি সকলকে স্মরণ করিয়ে দেন। সরকারের প্রতিশ্রুতি ও আর্থসামাজিক সার্বিক বিষয় বিবেচনায় রেখে মিতব্যয়িতার সাথে দক্ষতা ও ফলপ্রসু কর্ম পদ্ধতি অনুসরণ করে দায়িত্ব পালনের জন্য তিনি সকলের প্রতি আহবান জানান।

১৩। সভায় বিস্তারিত আলোচনান্তে সর্বসম্মতিক্রমে নিম্নরুপ সিদ্ধান্ত গৃহিত হয়ঃ

(ক) জননিরাপত্তা বিভাগ, স্বরাষ্ট্র মন্ত্রণালয় এর আওতাধীন দপ্তর/অধিদপ্তরসমূহের আগামী ২০১৯-২০২০ এবং ২০১২০-২০২১ ও ২০২১-২০২২ অর্থবছরের জন্য প্রদত্ত বাজেট সিলিং এর প্রতিটি এন্ট্রি যৌক্তিকভাবে ইনপুট দেয়ার সর্বসম্মত সিদ্ধান্ত গৃহীত হয়। কারণ অর্থ বিভাগের যৌক্তিকরণ সভায় তা গ্রহণ যোগ্য হতে হবে।

(খ) বাংলাদেশ কোস্ট গার্ড ,বর্ডার গার্ড বাংলাদেশ, বাংলাদেশ পুলিশসহ যে সকল দপ্তরের যৌক্তিক অত্যাবশ্যক পেমেন্ট নিশ্চিত করতে প্রয়োজনীয় বাজেট বরাদ্দ রাখার জন্য অর্থ বিভাগকে অনুরোধ করার সর্বসম্মত সিদ্ধান্ত গৃহীত হয়।

(গ) জননিরাপত্তা বিভাগের Allocation of Bussiness এর উপর ভিত্তি করে তৈরী কার্যাবলীর সাথে সরকারের নির্বাচনী অঙ্গিকার, মাননীয় প্রধানমন্ত্রীর অগ্রাধীকার ও নির্দেশনা এবং এ বিভাগের কৌশলগত পরিকল্পনার সমন্বয় করে MBF ও APA তৈরী করে তা অর্থ বিভাগে প্রেরণের সর্বসম্মত সিদ্ধান্তগৃহীত হয়। তাছাড়া উপস্থাপিত APA এর খসড়ায় উপর্যুক্ত বিষয়গুলো যথাসম্ভব অন্তর্ভূক্ত করে প্রয়োজনীয় সংশোধনসহ APA খসড়াটি মন্ত্রীপরিষদ বিভাগে প্রেরণের সর্বসম্মত সিদ্ধান্ত

০৭। সভার আলোচ্য সুচিতে আর কোন আলোচ্য বিষয় না থাকায় উপস্থিত সকলকে ধন্যবাদ জানিয়ে সভাপতি কর্তৃক সভার সমাপ্তি ঘোষণা করা হয়।

স্বাক্ষরিত/-
(মোস্তাফা কামাল উদ্দীন)
সচিব
ও
সভাপতি
বাজেট ব্যবস্থাপনা কমিটি, জননিরাপত্তা বিভাগ।

বিতরণঃ

১। ---------------------------------------------------------------------দপ্তর/অধিদপ্তর প্রধান সকল।
২। সদস্য, কার্যক্রম বিভাগ, পরিকল্পনা কমিশন, ঢাকা।
৩। সদস্য, ভৌত অবকাঠামো বিভাগ, পরিকল্পনা কমিশন, ঢাকা।
৪। অতিরিক্ত সচিব, রাজনৈতিক ও আইসিটি/ প্রশাসন ও অর্থ/পুলিশ ও এনটিএমসি/আসী/আইন ও শৃংখলা/ উন্নয়ন, জননিরাপত্তা বিভাগ, বাংলাদেশ সচিবালয়,ঢাকা।
৫। অতিরিক্ত সচিব(বাজেট-১), অর্থ বিভাগ, অর্থ মন্ত্রণালয়, ঢাকা।
৬। উপসচিব (প্রশাসন-২), জননিরাপত্তা বিভাগ, বাংলাদেশ সচিবালয়,ঢাকা।
৭। উপ প্রধান, পরিকল্পনা বিভাগ, জননিরাপত্তা বিভাগ, বাংলাদেশ সচিবালয়,ঢাকা।
৮। প্রধান হিসাব রক্ষণ কর্মকর্তা, স্বরাষ্ট্র মন্ত্রণালয়, সিজিএ ভবন,সেগুন বাগিচা,ঢাকা।
৯। সিনিয়র সহকারী সচিব, বাজেট-২ শাখা, জননিরাপত্তা বিভাগ, বাংলাদেশ সচিবালয়,ঢাকা।

(আবু নাছের ভূঁঞা)
উপসচিব
ফোনঃ ৯৫৪৬৬২৭

নং-৪৪.০০.০০০০.০২৪.০৫.০১৯.২০১৮ - ২৪৫/১(৪)

তারিখঃ ০৮/০৫/২০১৯খ্রিঃ।

অনুলিপিঃ-সদয় জ্ঞাতার্থে ও কার্যার্থে

১। সচিব মহোদয়ের একান্ত সচিব, জননিরাপত্তা বিভাগ, বাংলাদেশ সচিবালয়,ঢাকা।
২। সহাকারী প্রোগ্রামার, আইসিটি সেল, জননিরাপত্তা বিভাগ, বাংলাদেশ সচিবালয়,ঢাকা।
৩। অতিরিক্ত সচিব (প্রশাসন ও অর্থ) মহোদয়ের ব্যক্তিগত কর্মকর্তা, স্বরাষ্ট্র মন্ত্রণালয়, বাংলাদেশ সচিবালয়,ঢাকা।
৪। অতিরিক্ত সচিব (বাজেট) মহোদয় এর ব্যক্তিগত কর্মকর্তা, স্বরাষ্ট্র মন্ত্রণালয়, বাংলাদেশ সচিবালয়,ঢাকা।

(আবু নাছের ভূঁঞা)
উপসচিব